

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং-১০ এ,

তারিখঃ ১৮/০৬/২০০৮ খ্রি

বিষয়ঃ জেলা জজ ও জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ ও অতিরিক্ত জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হইয়া ১২/০২/৯২ খ্রি তারিখে জারীকৃত সার্কুলার নং-১ এবং উহার ধারাবাহিকতায় ১৮/০৩/৯২ খ্রি তারিখে জারীকৃত সার্কুলার নং-৩ সংশোধন করতঃ ৭/৬/৯২ খ্রি তারিখের ৬ নং সার্কুলারের ধারাবাহিকতায় জানাইতেছি যে, জেলা জজ ও জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ নিজের নৈমিত্তিক ছুটি মঞ্জুরসহ কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন। তবে কর্মস্থল ত্যাগ করিবার আগেই এই বিষয়ে অত্র কোর্টের রেজিস্ট্রার-কে লিখিতভাবে জানাইতে হইবে এবং অনুরূপভাবে জেলা জজ, অতিরিক্ত জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুরসহ তাহাকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করিতে পারিবেন। তবে অতিরিক্ত জেলা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণ-এর কর্মস্থল ত্যাগ করিবার আগেই জেলা জজ অত্র কোর্টের রেজিস্ট্রার-কে লিখিতভাবে জানাইবেন।

আদেশক্রমে

স্বা/-

(ইকতেদার আহমেদ

রেজিস্ট্রার